

## গীতালি

৪

আমি হৃদয়েতে পথ কেটেছি  
সেথায় চরণ পড়ে  
তোমার সেথায় চরণ পড়ে ।  
তাই ত আমার সকল পরাণ  
কাঁপ্চে ব্যথার ভরে গো  
কাঁপ্চে থরথরে ।

## গীতালি

ব্যথাপথের পথিক তুমি,  
চরণ চলে ব্যথা চুমি',  
কাঁদন দিয়ে সাধন আমার  
চিরদিনের তরে গো  
চিরজীবন ধরে' ।

নয়নজলের বন্যা দেখে  
ভয় করিনে আর,  
আমি ভয় করিনে আর ।  
মরণ-টানে টেনে আমায়  
করিয়ে দেবে পার,  
আমি তরব পারাবার ।

ঝড়ের হাওয়া আকুল গানে  
বইচে আজি তোমার পানে,  
ডুবিয়ে তরী ঝাঁপিয়ে পড়ি  
ঠেক্‌ব চরণ-পরে,  
আমি বাঁচব চরণ ধরে' ॥

৯ ভাদ্র ১৩২১  
কলিকাতা

## গীত্রালি

৫

আলো যে  
যায় রে দেখা—

হৃদয়ের পূব-গগনে  
সোনার রেখা ।

এবারে ঘুচল কি ভয় ?  
এবারে হবে কি জয় ?  
আকাশে হ'ল কি ক্ষয়  
কালীর লেখা ?

কারে ঐ  
যায় গো দেখা,  
হৃদয়ের সাগরতীরে  
দাঁড়িয়ে একা ?

ওরে তুই সকল ভুলে  
চেয়ে থাক্ নয়ন তুলে,—  
নীরবে চরণ-মূলে  
মাথা ঠেকা ॥

৬ ভাদ্র ১৩২১  
কলিকাতা